

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে পাণ্ড পত্র।
- ৩) প্রাক্কলন।

বিষয়: বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের পশ্চিম পার্শে সাবেক বাণিজ্য মেলার মাঠে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত আসন্ন পবিত্র ঈদুল ফিতরের জামাত এ বিশুদ্ধ পানি সরবরাহের জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ অনুমোদন প্রসংগে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন এলাকায় বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের পশ্চিম পার্শে সাবেক বাণিজ্য মেলার মাঠে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত আসন্ন পবিত্র ঈদুল ফিতরের জামাত এ বিশুদ্ধ পানি সরবরাহের জন্য উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদান করা হয়েছে। সেপ্রেক্ষিতে অনুষ্ঠানস্থলে পিভিসি ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ পানি সরবরাহ করার উদ্যোগ নেয়া হয়েছে। পানির ট্যাংক স্থাপন কাজে ভিনাইল স্টিকার তৈরী, পানির কল, পানির মগ ও আনুষঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন হয়। এছাড়াও পানির ট্যাংক ধোত করণ, স্ট্যান্ড সহযোগে পানির ট্যাংক স্থাপন এবং অনুষ্ঠান শেষে স্ট্যান্ডসহ পানির ট্যাংক ফেরত আনার কাজে শ্রমিক নিয়োজিত করা প্রয়োজন হয়।

২। উপরিউক্ত বর্ণনার আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত আসন্ন পবিত্র ঈদুল ফিতরের জামাত এ পানির ট্যাংক স্থাপন ও অনুষ্ঠান শেষে পানির ট্যাংকসহ অন্যান্য ফেরত আনার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে মোট ৳৩৮,১৫০/- (আটত্রিশ হাজার একশত পঞ্চাশ) টাকা মাত্র (ক্রমিক নং:৩৬)। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.16(32) হতে নির্বাহ করা যেতে পারে। ঢাকা ওয়াসার অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য কাজ “প্রধান প্রকৌশলী” মহোদয়ের অনুমোদন এস্তিয়ারভুক্ত।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে সাবেক বাণিজ্য মেলার মাঠে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত আসন্ন পবিত্র ঈদুল ফিতরের জামাত এ বিশুদ্ধ পানি সরবরাহ জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন শীর্ষক কাজের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

- ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য ৳৩৮,১৫০/- (আটত্রিশ হাজার একশত পঞ্চাশ) টাকা মাত্র এর অনুমোদন;
- খ) পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং
- গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.16(32) হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা

মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

১৫/০৩/২৬

সালেহ মোহাম্মদ তওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

১৫/০৩/২৬

SE, MODS/PR-1.

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

১৫/০৩/২৬

৪। উপরোক্ত অনুমোদিত,

SE, MODS-1

শওকত হাফিজুদ্দীন
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

১৫/০৩/২৬

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

১৫/০৩/২৬

